গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৭
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

## প্রকল্প পরিবীক্ষণ ছক

**পরিদর্শনের তারিখ: ২৪ জুন ২০১৮খ্রি.** **পদবী : মূল্যায়ন কর্মকর্তা** **সেক্টর: পরিবীক্ষণ ও মূল্যায়ন-৭**
**পরিদর্শনকারী কর্মকর্তার নাম: মো: হেলাল খান**

### ক. প্রকল্পের মৌলিক তথ্য:

১. প্রকল্পের নাম: "নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম (৪র্থ পর্ব)"।
২. প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরি সহায়তা/সমীক্ষা): বিনিয়োগ।

৩. **অর্থায়নের উৎস:**
৩.১ অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন অন্যান্য): জিওবি।
৩.২ উন্নয়ন সহযোগী : ডানিডা।

৪. **উদ্যোগী মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী:**
৪.১ উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৪.২ বাস্তবায়নকারী সংস্থা : মহিলা বিষয়ক অধিদপ্তর।

৫. (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকা)

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়ন কাল | অনুমোদনের তারিখ | *পরিবর্তন(+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য (নিজস্ব) | | | ব্যয় (%) | মেয়াদ (%) |
| মূল | ১১৫০৭.৫৫ | ৮৭৪৭.২১ | ২৭৬০.৩৪ | - | ০১-০৭-২০১৬ হতে ৩০-০৬-২০২১ | ২৭-০৪-২০১৭ | - | - |
| সংশোধিত | - | - | - | - | - | - | - | - |

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): প্রযোজ্য নয়।
(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): প্রযোজ্য নয়।

৬. প্রকল্প এলাকা :

বিভাগীয় এবং জেলা মেডিকেল কলেজ হাসপাতালে ১৭টি ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার, ৪৭টি জেলা সদর হাসপাতাল ও ২০টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৬৭টি ওয়ান-স্টপ ক্রাইসিস সেল, ঢাকায় ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরি, ৮টি বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরি, বিভাগ ও জেলা মেডিকেল কলেজ হাসপাতালে ৯টি আঞ্চলিক ট্রমা কাউন্সেলিং সেন্টার, ঢাকায় জাতীয় ট্রমা কাউন্সেলিং সেন্টার, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে ন্যাশনাল হেল্পলাইন সেন্টার, ন্যাশাল সেন্টার অন জেন্ডার বেইজড ভায়োলেন্স এবং প্রকল্প বাস্তবায়ন ইউনিট।

৭। (ক) উন্নয়নমূলক উদ্দেশ্য:

সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয় ও বেসরকারী সংস্থাসমূহের সমন্বিত উদ্যোগের মাধ্যমে নারী ও শিশুর প্রতি সহিংসতা হ্রাস এবং সেবা কার্যক্রম জোরদার করা।

(খ) সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:

১) নারী নির্যাতন প্রতিরোধকল্পে সমন্বিত গুণগত মানসম্পন্ন দক্ষ ও টেকসই সেবা প্রদান; ২) নারী নির্যাতনের বিরুদ্ধে জনসচেতনতা সৃষ্টি এবং নারী নির্যাতন প্রতিরোধকল্পে সরকারের গৃহীত পদক্ষেপ/কার্যক্রম সম্পর্কে জনগণ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে সচেতন করে এতদসংক্রান্ত সেবাসমূহ গ্রহণের জন্য উদ্বুদ্ধ করা; ৩) সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার দক্ষতা বৃদ্ধিসহ সমন্বিত কৌশলের মাধ্যমে নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা; ৫) নারী নির্যাতন প্রতিরোধ ও প্রতিকারের লক্ষ্যে সুনির্দিষ্ট আইন ও পদ্ধতি সংস্কারে সহায়তা করা।

৮। **প্রকল্পের মূল কার্যক্রম:**

- ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, খুলনা, রংপুর ও ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে বিদ্যমান ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার এর কার্যক্রম অব্যাহত রাখা এবং আরও ৯টি (কক্সবাজার, দিনাজপুর, বগুড়া, পাবনা, কুষ্টিয়া, ময়মনসিংহ, কুমিল্লা, যশোর, নোয়াখালী) মেডিকেল কলেজ হাসপাতালে নতুন ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার স্থাপন;
- চলমান ৬০টি ওয়ান-স্টপ ক্রাইসিস সেলের কার্যক্রম অব্যাহত রাখা এবং আরও ৭টি (ভোলা, জামালপুর, মানিকগঞ্জ, গাইবান্ধা, কুড়িগ্রাম, নীলফামারি, মৌলভীবাজার) জেলা সদর হাসপাতালে নতুন ওয়ান-স্টপ ক্রাইসিস সেল প্রতিষ্ঠা;
- ঢাকা মেডিকেল কলেজে বিদ্যমান ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরি, ৭টি বিভাগীয় মেডিকেল কলেজে বিদ্যমান রিজিওনাল ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরির কার্যক্রম অব্যাহত রাখা এবং ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে রিজিওলাল ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরি স্থাপন;
- মহিলা বিষয়ক অধিদপ্তর ভবনে বিদ্যমান ন্যাশনাল ট্রমা কাউন্সেলিং সেন্টারের কার্যক্রম অব্যাহত রাখা এবং ৯টি (ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, সিলেট, খুলনা, বরিশাল, রংপুর, ফরিদপুর, ময়মনসিংহ) মেডিকেল কলেজ হাসপাতালে নতুন রিজিওলাল ট্রমা কাউন্সেলিং সেন্টার স্থাপন;
- মহিলা বিষয়ক অধিদপ্তর ভবনে বিদ্যমান ন্যাশনাল হেল্পলাইন সেন্টারের কার্যক্রম শক্তিশালী করা;
- ন্যাশনাল সেন্টার অন জেন্ডার বেইজড ভায়োলেন্স এর কার্যক্রম পরিচালনা করা; জেন্ডার বেইজ ভায়োলেন্স বিষয়ক গবেষণা কার্যক্রম পরিচালনা করা, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে একটি Knowledge Hub তৈরী করা;
- জাতীয় কর্মপরিকল্পনা (২০১৩-২০২৫) বাস্তবায়ন, মনিটরিং, কস্টিং ও রিভিউ করা;
- নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে সচেতনাতা বৃদ্ধির লক্ষ্যে দেশের সকল প্রশিক্ষণ ইনস্টিটিউটের কারিকুলাম রিভিউ করা এবং সংশ্লিষ্ট পেশাজীবিদের প্রশিক্ষণ প্রদান;
- নারী নির্যাতন প্রতিরোধে জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা এবং জনসচেতনতামূলক প্রকাশনা, বুকলেট, লিফলেট, পোস্টার তৈরী এবং সরকারি-বেসরকারি, উন্নয়ন সহযোগী সংস্থার মধ্যে বিতরণ;
- মোবাইল অ্যাপস 'জয়', হেল্পলাইন ১০৯২১, বাল্যবিবাহ, নারী ও শিশু পাচার প্রতিরোধ বিষয়ক প্রচারণা চালানো;
- নারী নির্যাতন প্রতিরোধ ও প্রতিকারের লক্ষ্যে আইন ও বিধিমালার যথাযথ সংস্কার করা;
- চলমান ৯টি মন্ত্রণালোয়র সাথে আরও ২টি (ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয় এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়) মন্ত্রণালয় সহযোগী মন্ত্রণালয় হিসেবে অন্তর্ভুক্ত করা।

## খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য:

৯. অঙ্গভিত্তিক অগ্রগতি: (লক্ষ টাকা)

| ক্র: নং | অঙ্গের নাম | ডিপিপি/টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা | | সর্বশেষ ৩০ জুন '১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি | | ২০১৭-১৮ অর্থ বছরের লক্ষ্যমাত্রা | | ২০১৭-১৮ অর্থবছরের মে মাস পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৪ | | ০৫ | | ০৬ | | ০৭ | |
| | | বাস্তব (পরিমাণ /সংখ্যা) | আর্থিক | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) | বাস্তব (%) | আর্থিক (%) |
| (ক) রাজস্ব : | | | | | | | | | |
| ১। | কর্মকর্তাদের বেতন | ৭৫৪২ জন মাস | ১৭৪২.১১ | - | - | ১১৩০ জনমাস (৪.৭৫) | ২৮৩.৮৬ (২.৪৭) | ৯৯০ জনমাস (৪.১৬) | ২৫১.৫২ (২.১৯) |
| ২। | কর্মচারিদের বেতন | ৯৩৩৬ জন মাস | ১০৫৭.৫৪ | - | - | ১৫৯৬ জনমাস (৬.৭১) | ১৭৯.৬৩ (১.৫৬) | ১৪১৫ জনমাস (৫.৯৫) | ১৬৫.৫০ (১.৪৪) |
| ৩। | ভাতা | থোক | ২৯৫৩.৪০ | - | - | থোক | ৩৫০.৮০ (৩.০৮) | থোক | ২৬৭.১৬ (২.৩২) |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ৪। | সরবরাহ ও সেবা | থোক | ৩৯৮৪.৯৭ | - | - | থোক | ৯৮৩.৭৬ | থোক | ১০৪৭.৭২ |
| ৫। | প্রচারণা ও বিজ্ঞাপন | থোক | ২৫০.০০ | - | - | থোক | ১০৩.৫০ (০.৮৯) | থোক | ৯৩.২১ (০.৮১) |
| ৬। | প্রশিক্ষণ | ১২৬টি | ৪৬৮.৫০ | - | - | ৪০ টি (৩.৪৯) | ৮০.৭৫ (০.৭০) | ৩৬ টি (৩.১৪) | ৫০.১৩ (০.৪৪) |
| ৭। | সেমিনার/কর্মশালা | ৭৭টি | ১১৭.৫০ | - | - | ৩০ টি (১.১৭) | ৫৩.৭০ (০.৪৭) | ২৬ টি (১.০১) | ৪৯.৮৩ (০.৪৩) |
| ৮। | পরামর্শক | ২৮১ টি | ২২২.৫০ | - | - | ৮৪ জনমাস (১.৭৯) | ৪৭.৫০ (০.৪১) | ৭৯ জনমাস (১.৬৯) | ৪৪.১৪ (০.৩৮) |
| ৯। | মেরামত ও সংরক্ষণ | থোক | '২৪৯.৯০ | - | - | থোক | ২২.৫০ (০.২০) | থোক | ১৮.৫০ (০.১৬) |
| | | উপ-মোট (রাজস্ব): | ১১০৪৬.৪২ | | | | ২১০৬.০০ | | ১৯৮৭.৭১ |
| (খ) মূলধনী : | | | | | | | | | |
| ১৮ | অফিস সরঞ্জাম ক্রয় | ৩৭০টি | ১৩৩.১৪ | - | - | ২২০টি (২.৩৮) | ৬২.০০ (০.৫৪) | ২৭০ টি (২.৯২) | ৭৪.৮৫ (০.৬৫) |
| | মেডিক্যাল উপকরণ ক্রয় | থোক | ৭.০০ | - | - | থোক | ৫.০০ (০.০৪) | থোক | ৪.৮৫ (০.০৪) |
| | আসবাবপত্র ক্রয় | ১১৩৭ টি | ৬৬.২৭ | - | - | ৫০০ টি (০.৮৮) | ১৩.০০ (০.১১) | ৫৩৭ টি (০.৯৪) | ১৫.০৯ (০.১৩) |
| | গাড়ি ক্রয় | ২টি | ১২০.০০ | - | - | ২টি (৩.০০) | ১১৪.০০ (০.৯৯) | ২ টি (৩.০০) | ১১২.৩০ (০.৯৮) |
| | সিডি/ভ্যাট | থোক | ৩০.০০ | - | - | | | | |
| | উপ-মোট (মুলধন) | -- | ৩৫৬.৪১ | | | | ১৯৪.০০ | | ২০৭.০৯ |
| | ফিজিক্যাল কনটিনজেন্সি | | ৪৫.৩০ | | | | - | - | - |
| | প্রাইস কনটিনজেন্সি | | ৫৯.৪২ | | | | - | - | - |
| | সর্বমোট: | | ১১৫০৭.৫৫ | | | | ২৩০০.০০ (১৯.৯৮) | - (২২.৮২) | ২১৯৪.৮০ (১৯.০৭) |

১০. অর্থ বছর ভিত্তিক ডিপিপি/টিপিপি'র সংস্থান, বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন অবস্থা: (লক্ষ টাকা)

| অর্থ বছর | অনুমোদিত ডিপিপি সংস্থান | এডিপি/আরএডিপি বরাদ্দ | অর্থ ছাড় (%) | প্রকৃত ব্যয় (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২০১৬-২০১৭ | ২০৬৪.০১ | - | - | - | ২০১৬-১৭ অর্থবছরের ২৭ এপ্রিল '১৭ তারিখে প্রকল্পটি অনুমোদিত হওয়ায় ডিপিপি অনুযায়ী ঐ বছরে অর্থ বরাদ্দ, অর্থ ছাড় ও ব্যয় হয়নি। |
| ২০১৭-১৮ | ২১৮১.০৪ | ২৩০০.০০ | ২৩৮৯.৫৬ (১০৩.৮৯) | ২১৯৪.৮০ (৯৫.৪২) | - |
| ২০১৮-১৯ | ২১৮৩.০৮ | ২৩৫৪.০০ | | | - |
| ২০১৯-২০ | ২১৪৭.০৬ | | | | - |
| ২০২০-২০২১ | ২৯৩১.৭৬ | | | | - |
| সর্বমোট: | ১১৫০৭.৫৫ | | | | - |

১১. (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ৩ টি।

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য: (লক্ষ টাকা)

| প্যাকেজ নাম ও নম্বর | দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য | চুক্তির তারিখ ও চুক্তি মূল্য | কাজ সমাপ্তির তারিখ | | বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ |
|---|---|---|---|---|---|
| | | | চুক্তি অনুযায়ী | প্রকৃত | |
| আউটসোসিং পদ্ধতিতে জনবল সরবরাহ | ২১/০৭/২০১৭ ২৮৪.৩৬ লক্ষ | ১৬/০৮/২০১৭ ২৮৪.৩৬ লক্ষ | ১৫/০৮/২০১৮ | ৩০/০৬/২০২১ | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | টাকা। | টাকা। | | | |
| জীপ ক্রয় | ০১/০৮/২০১৭<br>৭৫.০০ লক্ষ টাকা | ০৮/০৮/২০১৭<br>৭০.৩০ লক্ষ টাকা | ২৮/০৯/২০১৭ | ২৮/০৯/২০১৭ | - |
| মাইক্রোবাস ক্রয় | ২২/০২/২০১৮<br>৪৫.০০ লক্ষ টাকা | ০৫/০৪/২০১৮<br>৪২.০০ লক্ষ টাকা | ২৮/০৫/২০১৮ | ২৮/০৫/২০১৮ | - |

১২. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

| প্রকল্প পরিচালকের নাম ও আইডি নং | মূল দপ্তর ও পদবী | দায়িত্বকাল | দায়িত্বের ধরণ (নিয়মিত/ অতিরিক্ত) | একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্বপ্রাপ্ত কিনা | |
|---|---|---|---|---|---|
| | | | | হ্যাঁ/না | প্রকল্প সংখ্যা |
| ড. আবুল হোসেন, আইডি ৫০৪০ | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, উপ-সচিব | ০১/০৭/২০১৬ হতে অদ্যাবদি প্রকল্পের চতুর্থ পর্বের প্রকল্প পরিচালক হিসেবে আছেন। | নিয়মিত | না | ১ |

১৩. ভূমি অধিগ্রহণ, Resettlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য: প্রযোজ্য নয়।

১৪। অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: প্রযোজ্য নয়।

১৫. স্টিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত:

| সভার নাম | অর্থ বছর | | | | | সর্বমোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| স্টিয়ারিং কমিটির সভা | - | ১ | | | | ১ | -- |
| প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা | - | ১ | | | | ১ | |

এ প্রকল্পটি শুরু থেকে এ পর্যন্ত ১টি স্টিয়ারিং কমিটির সভা এবং ১টি পিআইসি সভা আহবান করা হয়েছে। সুষ্ঠু প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে যা কোন ভাবেই কাম্য নয়। পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত "সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" বিষয়ক পরিপত্র অনুসারে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন মনিটরিং ও তদারকির স্বার্থে প্রতি তিন মাসে অন্তত: ০১ বার পিআইসি সভা এবং প্রতি তিন মাসে অন্তত এক বার স্টিয়ারিং কমিটি সভা আয়োজনের বিধান থাকলেও সে অনুযায়ী পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা হচ্ছে না।

১৬. Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে): Project Management Information System (PMIS) চালু করা হয়নি।

**<u>প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ:</u>**

১৭। (ক) পরিদর্শনকৃত এলাকা: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর বাস্তবায়নাধীন "নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম (৪র্থ পর্ব)" শীর্ষক চলমান প্রকল্পের আওতায় ঢাকা জেলায় কার্যক্রম গত ২৪ জুন ২০১৮ তারিখ সরেজমিনে পরিদর্শন করা হয়েছে।

(খ)। পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ: ইতোপূর্বে এ প্রকল্পটি বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি) কর্তৃক পরিদর্শন করা হয়নি।

**১৮। পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:**

**ক. অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন ডিপিপি/টিপিপি'র সংস্থান প্রতিপালন:** প্রকল্পটির ডিপিপি অনুযায়ী অঙ্গভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে। ডিপিপি অনুযায়ী ক্রয় পরিকল্পনা ও কর্মপরিকল্পনা অনসরণ করা হচ্ছে।

খ. পণ্য কার্য ও সেবা ক্রয় প্রচলিত আইন/বিধি অনুসরণ: অনুসরণ করা হচ্ছে।

গ. গুণগতমান (প্রয়োজনে ল্যাব টেস্ট এর ফলাফলের মাধ্যমে যাচাইকৃত): (প্রযোজ্য নয়)।

**ঘ. সাইট বই পর্যালোচনা:** প্রযোজ্য নয়।

**ঙ. বাস্তবায়নকালে উদ্ভুত নতুন ঝুঁকি/বাস্তবায়ন সমস্যা:** প্রযোজ্য নয়।

**চ. সুবিধাভোগীর মতামত:** কেন্দ্র পরিদর্শন কালে উপস্থিত সুবিধাভোগীদের সাথে প্রকল্পের কার্যক্রম সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। তাদের সাথে আলোচনায় নিম্নোক্ত মতামতগুলো পাওয়া যায়:
প্রশিক্ষণার্থীদের সাথে আলোচনায় জানা যায় যে, "নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম (৪র্থ পর্ব)" তাঁরা হাসপাতালের জরুরী বিভাগে ভর্তির জন্য এলে তাদের সমস্যা সম্পর্কে শুনে ওসিসি সম্পর্কে তাদের ধারণা দেন এবং ওসিসি ভর্তির জন্য রেফার করেন। ওসিসি এর মাধ্যমে তাঁরা এক সাথে তাদের সকল সহযোগিতা বা সেবা পাওয়া সম্ভব বলে জানান।

**OCC সেন্টার গুলো সেবাসমূহ:**

ক। স্বাস্থ্য সেবা;
খ। ফরেনসিক ডিএনএ পরীক্ষা;
গ। পুলিশী সহায়তা;
ঘ। আইনী সহায়তা;
ঙ। মনোসামাজিক কাউন্সেলিং;
চ। সামাজিক সেবা; এবং
ছ। শেল্টার এবং সফে কাস্টডি।

**Occ সেন্টার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শনকৃত তথ্য:** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম (৪র্থ পর্ব)" শীর্ষক চলমান প্রকল্পের আওতায় ঢাকা জেলায় **Occ সেন্টার ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল** গত ২৪ জুন ২০১৮ তারিখ সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শনকৃত কেন্দ্রের কার্যক্রম সংশ্লিষ্ট তথ্য:

| মাস | শারীরিক নির্যাতন | যৌন নির্যাতন | দগ্ধ ও এসিড নির্যাতন | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| এপ্রিল / ১৮ | ৩৭ জন | ৫৫ জন | ০৩ জন | ৯৫ জন | সংযুক্ত-ক প্রকল্প শুরু হতে বর্তমান পর্যন্ত তথ্য। |

ছ. অন্যান্য বিষয় (যদি থাকে): (প্রযোজ্য নয়)।

**১৯. সার্বিক পর্যবেক্ষণ:**

১৯.১। **অনুমোদন প্রক্রিয়া:** প্রকল্পটির ডিপিপি'র উপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সুপারিশের আলোকে প্রকল্পরের পুর্ণ:গঠিত ডিপিপি সর্বমোট ১১৫০৭.৫৫ লক্ষ টাকার মধ্যে ৮৭৪৭.২৯ (জিওবি) টাকা ও প্রকল্প সাহায্য (ডানিডা) ২৭৬০.৩৪ লক্ষ প্রাক্কলনে জুলাই, ২০১৬ হতে জুন, ২০২১ মেয়াদে গত ২৭/০৪/২০১৭ তারিখে "নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম (৪র্থ পর্যায়ে)" প্রকল্পটি অনুমোদিত হয়।

১৯.২। **প্রকল্প শুরুতে বিলম্ব:** "নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম (৪র্থ পর্ব)" প্রকল্পটি ১১৫০৭.৫৫ লক্ষ টাকা প্রাক্কলনে জুলাই ২০১৬ হতে জুন, ২০২১ মেয়াদে বাস্তবায়নের জন্য নির্ধারিত থাকলেও ২৭/০৪/২০১৭ অনুমোদিত হয়। ফলে, ডিপিপির মূল সময় থেকে ১০ মাস বিলম্বে বাস্তবায়নের জন্য অনুমোদিত হওয়ায় পরবর্তী কার্যক্রম শুরু করতে বিলম্ব হয়।

১৯.৩। **আর্থিক ও বাস্তব অগ্রগতি:** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন হতে দেখা যায় যে, ২০১৭-১৮ অর্থ বছরে প্রকল্পটির অনুকূলে বরাদ্দ রয়েছে ২৩০০.০০ লক্ষ টাকা। চলতি জুন'১৮ পর্যন্ত অবমুক্ত ২৩৮৯.৫৬ (১০৪%) লক্ষ টাকা এবং ব্যয় ২৪১৫.৩২(১০৫%) লক্ষ টাকা। প্রকল্পের শুরু থেকে জুন '১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিত অগ্রগতি ২৪৯৩.০৭ (২১.৬৬%)

১৯.৪। **প্রশিক্ষণ** সংক্রান্ত তথ্য: প্রকল্পের মাধ্যমে বিভিন্ন বিভাগে নিম্ন ছক অনুযায়ী প্রশিক্ষণ প্রদান করা হযেছে।

| ক্র:নং: | প্রশিক্ষণের বিবরন | প্রশিক্ষণার্থীর ধরণ | ব্যাচ | সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সমন্বিত উদ্যোগ | পুলিশ ইন্সপেক্টর এবং সাব ইন্সপেক্টর | ১৫টি | ৩৮৫জন |
| ০২ | নির্যাতন প্রতিরোধে সাপোটিভ কাউন্সেলিং দক্ষতা | স্কুলের শিক্ষক | ৯টি | ১৫৭জন |
| ০৩ | পথশিশুদের পুর্ববাসন কার্যক্রম উদ্বুদ্ধকরণের মোটিভেশনাল কাউন্সেলিং | বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে সেচ্ছাসেবীবৃন্দ, সেন্টারহোমে সার্ভিস প্রদানকারী | ৭টি | ১২৩জন |
| ০৪ | পারিবারিক নির্যাতন প্রতিরোধে সিস্টেমিক ফ্যামিলি থেরাপী | রিজিওনাল ট্রামা কাউন্সেলিং সেন্টারের ক্লিনিক্যাল সাইকোলজিস্ট | ১টি | ১৩জন |
| ০৫ | নির্যাতনের শিকার নারী ও শিশুদের উন্নত স্বাস্থ্য সেবা | চিকিৎসক | ২টি | ৫০জন |
| ০৬ | নির্যাতনের শিকার নারী ও শিশুদের আইনী | হেল্পলাইন সার্ভিস প্রোভাইডার | ১টি | ৪০জন |

| | | | | |
|---|---|---|---|---|
| | সহায়তা সংক্রান্ত প্রশিক্ষণ | | | |
| ০৭ | নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ বিশেষ প্রশিক্ষণ | হেল্পলাইন সার্ভিস প্রোভাইডার | ১টি | ৪০জন |
| ০৮ | বেসিক কাউন্সেলিং স্কিল প্রশিক্ষণ | সাইকোসোস্যাল কাউন্সেলর | ১টি | ২০জন |

**১৯.৫। ডিপিপি পর্যালোচনা:** ডিপিপি পর্যালোচনায় দেখা যায়, Logical Frame work যথাযথ করা হয়নি। ডিপিপিতে WBS করা হয়নি। CPM/PERT অনুসরণপূর্বক কোন কর্মপরিকল্পনা নেই।

**১৯.৬। কর্ম পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা:** ডিপিপি-তে কর্ম পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। সে আলোকে প্রতি বছর কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়। ২০১৭-১৮অর্থবছরে কর্ম পরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন নেওয়া হয়েছে।

২০. প্রকল্প পরিদর্শনের স্থির/ ভিডিও চিত্র ও বর্ণনা:



প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত 'জয়' অ্যাপ এর কার্যক্রম পরিদর্শন।



প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত 'কল সেন্টা' এর কার্যক্রম পরিদর্শন।



প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত 'কল সেন্টা' এর কার্যক্রম পরিদর্শন।




প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত 'ওসিসি সেন্টা' এর কার্যক্রম পরিদর্শন।



প্রকল্পের মাধ্যমে চলমান 'প্রশিক্ষণ' কার্যক্রম পরিদর্শন।



প্রকল্পের মাধ্যমে চলমান 'প্রশিক্ষণ' কার্যক্রম পরিদর্শন।




জরুরী সেবা ১০৯ কল সেন্টারের নম্বর ও জয় মোবাইল অ্যাপ।



প্রচারনামূলক স্টিকার।

২১. সুপারিশ :

২১.১ প্রকল্পের নির্ধারিত সময়ের মধ্যে উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে সুনির্দিষ্ট পরিকল্পনা প্রণয়নপূর্বক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২১.২ পরিকল্পিত ব্যবস্থাপনার মাধ্যমে এধরণের কার্যক্রম প্রকল্প সমাপ্তির পরবর্তী চলমান রাখার বা sustainable করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন;

২১.৩ প্রকল্পের কার্যক্রম মনিটরিং ব্যবস্থার মাধ্যমে আরও গতিশীল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

২১.৪ বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের Project Management Information System (PMIS)/অনলাইন সফটওয়ারে প্রকল্প সংশ্লিষ্ট তথ্য অন্তর্ভুক্তি করতে হবে;

২১.৫ জরুরী সেবা সম্পর্কিত কার্যক্রম সম্পর্কে আরও প্রচার প্রচারনা বৃদ্ধি করার ব্যবস্থা করা যেতে পারে;

২১.৬ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজনের বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো; এবং

২১.৭ উপর্যুক্ত সুপারিশ অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

পরিদর্শনকারী কর্মকর্তা

২২/৭/২৪

([redacted]: মো: হেলাল খান)
মূল্যায়ন কর্মকর্তা
ফোন নম্বর: ৯১৮০৬০০